# চাঁদা দিতে অস্বীকৃতি, সালমান মুক্তাদিরের স্টুডিওতে হামলা-ভাঙচুর



ছবি: সংগৃহীত

রাজধানীর ইসিবি চত্বরের নিউগ্রিনি প্রপার্টিজে কনটেন্ট ক্রিয়েটর সালমান মোহাম্মদ মুক্তাদিরের স্টুডিওতে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে। শনিবার (২৭ সেপ্টেম্বর) মধ্যরাতে এ ঘটনা ঘটে।

হামলার পর স্টুডিওতে গিয়ে দেখা যায়, সিসি ক্যামেরা ও বিভিন্ন যন্ত্রপাতিসহ কক্ষের মালামাল ভাঙচুর করা হয়েছে। বেশ কিছু জিনিসপত্র নিয়ে যাওয়ারও অভিযোগ রয়েছে।

সালমান মুক্তাদির বলেন, চাঁদার ঘটনাকে কেন্দ্র করে তার স্টুডিওতে হামলা হয়েছে। শুধু ভাঙচুর নয়, সেখানে ছিনতাইও হয়েছে বলে জানান তিনি।

ঘটনায় দুজনকে আটক করেছে পুলিশ। ক্যান্টনমেন্ট থানার ডিউটি অফিসার আহসান হাবিব জানান, আটক দুজনের একজনের নাম মামুন এবং অন্যজন আসলাম।

ক্যান্টনমেন্ট থানার ওসি মুহাম্মদ গিয়াস উদ্দিন বলেন, ইসিবি চত্বরে একটি অফিসে হামলার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সেখান থেকে ছোরাসহ দুজনকে আটক করা হয়েছে।

LENS ASIA

এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানান তিনি।